



তারিখঃ ১৭ মার্চ ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

১৭ মার্চ, ম্যানিলাঃ

যথাযথ শ্রদ্ধায় ও আনন্দমুখর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপন করেছে ফিলিপাইনস্থ বাংলাদেশ দূতাবাস। ফিলিপাইনে কোভিড-১৯ মহামারীর অবনতিশীল অবস্থার প্রেক্ষাপটে ফিলিপাইন সরকারের গৃহীত সকল অবশ্যপালনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ সামাজিক দূরত্ব বজায় রেখে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বুধবার সকালে দূতাবাসে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটি কার্যক্রমের সূচনা হয়। এরপর রাষ্ট্রদূত আসাদ আলম সিয়াম ও দূতাবাসের অন্যান্য কর্মকর্তাবৃন্দ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। অতঃপর দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়।

আলোচনা সভায় রাষ্ট্রদূত সিয়াম জাতির পিতা বঙ্গবন্ধুর কর্মময় জীবন ও দিবসটির তাৎপর্য নিয়ে আলোচনা করেন। রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে তার অবিস্মরণীয় অবদানের কথা উল্লেখ করেন। তিনি জাতির পিতার জীবনের বিভিন্ন দিক, বিশেষ করে শিশুদের প্রতি গভীর অবিস্মরণীয় অবদানের কথা উল্লেখ করেন। তিনি জাতির পিতার জীবনের বিভিন্ন দিক, বিশেষ করে শিশুদের প্রতি গভীর মমত্ববোধসহ তাঁর শৈশব, পারিবারিক জীবন এবং স্কুল জীবনের বিভিন্ন ঘটনা ও দিক তুলে ধরেন। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শৈশব থেকেই অত্যন্ত হৃদয়বান ও মানবদরদি ছিলেন, সেই সাথে তিনি ছিলেন অধিকার আদায়ে আপসহীন। অত্যন্ত ছোটবেলা থেকেই তাঁর মধ্যে একজন যোগ্য নেতৃত্বের সকল গুণাবলি পরিলক্ষিত হয়। সমাজের পিছিয়ে পড়া মানুষের দায়িত্ব নেয়ার মতো মহৎ গুণাবলি তিনি শক্তভাবে ধারণ করেছিলেন সেই শৈশবেই। গভীর দেশপ্রেম, সীমাহীন আত্মত্যাগ ও অতুলনীয় নেতৃত্বে তিনি পরবর্তীতে হয়ে ওঠেন বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, প্রাণপুরুষ। বঙ্গবন্ধু ১৯৭৪ খ্রিষ্টাব্দের ২২ জুন শিশুদের কল্যাণে জাতীয় শিশু আইন জারি করেন যার মাধ্যমে শিশুদের অধিকারের স্বীকৃতি দেয়া হয়েছে এবং সকল ধরনের অবহেলা, শোষণ, নিষ্ঠুরতা, নির্যাতন ইত্যাদি থেকে নিরাপত্তার অধিকার নিশ্চিত করা হয়েছে। রাষ্ট্রদূত উল্লেখ করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে 'মুজিববর্ষ' পালন আমাদের বাঙালি জাতির ইতিহাসের এক অনন্য মাইলফলক, এক অভাবনীয় ও আনন্দদায়ক ঘটনা। তিনি আরো বলেন, বাঙালির শত বছরের পরাধীনতার ইতিহাসের সমাপ্তি তাঁর স্বপ্ন ছিল এবং তাঁর অতুলনীয় দূরদর্শী নেতৃত্বেই স্বাধীনতার উন্মেষ ঘটে। কালজয়ী পুরুষ হিসেবে তিনিই আমাদেরকে স্বাধীনতার বিজয় সোপানে নিয়ে আসেন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতির পিতার 'সোনার বাংলা'র স্বপ্ন বাস্তবায়নে তিনি উপস্থিত সকলকে আহ্বান জানান।


HERCO Center, 2nd Floor, 114 Benavidez Street, Legaspi Village, Makati City, the Philippines

PABX : (0063-2) 8175001/8175010 • Fax : (0063-2) 8164941/8569568

Email: bdemb.manila@gmail.com • Web: www.bangladeshembassymanila.org

অনুষ্ঠান শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন এবং কর্মের উপর নির্মিত দুইটি সংক্ষিপ্ত প্রামাণ্য চিত্র প্রদর্শনী করা হয়। এরপর কেক কাটা, জাতির পিতার জন্য বিশেষ দোয়া-মোনাজাত এবং আপ্যায়ন এর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

দিবসটি উদযাপনের অংশ হিসাবে দূতাবাস কর্তৃক শিশুদের অংশগ্রহণে 'আর্ট মেলা' শীর্ষক এক অঙ্কন উৎসবের আয়োজন করা হয়। ৫০-এর অধিক স্থানীয় শিশুরা এই উৎসবে অংশগ্রহণ করে এবং তাদের আঁকা ছবি দূতাবাসে জমা প্রদান করে। দূতাবাস উক্ত সমস্ত চিত্রকর্মের সমন্বয়ে একটি মনোমুগ্ধকর অডিও-ভিজুয়াল উপস্থাপনা তৈরি করে যা অনুষ্ঠানে প্রদর্শিত হয়।



(সায়মা রাজ্জাকী)

প্রথম সচিব